

## নৈবেদ্য

১০

যারা কাছে আছে তাঁরা কাছে থাক্,  
তাঁরা ত পাবে না জানিতে  
তাহাদের চেয়ে তুমি কাছে আছ  
আমার হৃদয়খানিতে ।

যারা কথা বলে তাহারা বলুক,  
আমি কাহারেও করি না বিমুখ,  
তাঁরা নাহি জানে ভরা আছে প্রাণ  
তব অকণিত বাণীতে ।

নীরবে নিরত রয়েছ আমার  
নীরব হৃদয়খানিতে ।

তোমার লাগিয়া কারেও হে প্রভু  
পথ ছেড়ে দিতে বলিব না কভু,  
যত প্রেম আছে সব প্রেম মোরে  
তোমাপানে র'বে টানিতে ।

সকলের প্রেমে র'বে তব প্রেম  
আমার হৃদয়খানিতে ।

নৈবেদ্য

সবার সহিতে তোমার বাঁধন  
হেরি যেন সদা এ মোর সাধন,  
সবার সঙ্গে পারে যেন মনে

তব আরাধনা আনিতে ।

সবার মিলনে তোমার মিলন  
জাগিবে হৃদয়খানিতে

---